



Website: www.bb.org.bd

# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ডাকবাংলো নং ৩২৫

ঢাকা।

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

ডিএমডি সার্কুলার লেটার নং-০২/২০১৭

তারিখঃ ১২ ভাদ্র, ১৪২৪ বাং  
-----  
২৭ আগস্ট, ২০১৭ ইং

প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

## বাংলাদেশ ব্যাংক বিলের নিলামের সময় পরিবর্তন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ২১.০৯.২০০৬ তারিখের পত্র নং এফআরটিএমডি(পিডিএস)১৫৪/২০০৬-১৬৬১ এবং ডিএমডি সার্কুলার নং-০৩, তারিখ ০৫/০৪/২০১৬ -এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

মুদ্রানীতি বাস্তবায়নের লক্ষ্যে প্রবর্তিত বাংলাদেশ ব্যাংক বিলের নিলামে বিড দাখিলের সময়সীমা তফসিলী ব্যাংকসমূহের সুষ্ঠু তারল্য ব্যবস্থার স্বার্থে নিম্নরূপে পুনঃনির্ধারণ করা হলো :

বাংলাদেশ ব্যাংক বিলের বিড স্ব স্ব প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক বাংলাদেশ ব্যাংকের Market Infrastructure (MI) মডিউলে সকাল ১০.০০ টা হতে দুপুর ১.০০ টার মধ্যে দাখিল করতে হবে। নিলামের ফলাফল MI মডিউলে একই কার্যদিবসে বেলা ২.৩০ টায় প্রকাশ করা হবে।

উল্লিখিত সার্কুলারে বর্ণিত অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে। পরিবর্তিত নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আওলাদ হোসেন চৌধুরী)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৩১